



ইলিয়াস আলী গুমে জড়িত ছিলেন জিয়াউল আহসান: চিফ প্রসিকিউটর



সাবেক সেনা কর্মকর্তা জিয়াউল আহসান। ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দেওয়া জবানবন্দিতে বিএনপি নেতা ইলিয়াস আলী গুমের ঘটনায় সাবেক সেনা কর্মকর্তা জিয়াউল আহসানের সম্পৃক্ততার অভিযোগ তুলেছেন তার সাবেক দেহরক্ষী সেনাসদস্য ইমরুল কায়েস।

রোববার (২১ জুন) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ সাক্ষ্য দিতে গিয়ে ইমরুল কায়েস বলেন, জিয়াউল আহসানের নির্দেশে পরিচালিত বিভিন্ন অভিযানে গুম ও হত্যার ঘটনা ঘটেছে। এসব ঘটনার মধ্যে ইলিয়াস আলী গুমের ঘটনাও ছিল বলে তিনি দাবি করেন।

জবানবন্দিতে তিনি আরও বলেন, কয়েকটি ঘটনায় আটক ব্যক্তিদের হত্যা করে লাশ গোপন করা কিংবা ভিন্নভাবে ঘটনা উপস্থাপনের চেষ্টা করা হয়েছে। টঙ্গীতে রেললাইনের পাশে লাশ ফেলে রাখা, সুন্দরবনে হত্যাকাণ্ড এবং বুড়িগঙ্গা এলাকায় অভিযান চালানোর মতো বিভিন্ন ঘটনার কথাও তিনি উল্লেখ করেন।

ইমরুল কায়েসের দাবি, ২০১২ সালে বিএনপি নেতা ইলিয়াস আলী নিখোঁজ হওয়ার ঘটনায় তৎকালীন ক্ষমতাসংশ্লিষ্ট একটি মহলের নির্দেশে অভিযান পরিচালিত হয়েছিল এবং সেখানে জিয়াউল আহসানের ভূমিকা ছিল।

সাক্ষ্যগ্রহণ শেষে চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম বলেন, জবানবন্দিতে গুম ও হত্যাকাণ্ডের বিভিন্ন তথ্য উঠে এসেছে। তবে জিয়াউল আহসানের আইনজীবীরা এসব অভিযোগ অস্বীকার করেছেন।

ট্রাইব্যুনালে মামলার পরবর্তী কার্যক্রম নির্ধারিত সময় অনুযায়ী চলবে বলে জানা গেছে।